

কাগজ ও কলম

শ্রীদেবাংশুকুমার বন্দ্যোপাধ্যায়

১ম বর্ষ বিজ্ঞান 'ক' শাখা

কাগজ কহিল উচ্ছে লেখনীর প্রতি,
“রে নিষ্ঠুর ! কালিমুখি ! তুই হীন অতি ;
মোর রূপে কালি দিয়ে কিবা পাস্ সুখ ?”
লেখনী বলিল ধীরে, হাসি হাসি মুখ ;
“বৃথা কেন ছন্দ ভাই ? হই আমি হীনা
তব কিবা মূল্য ভাই, মোর স্পর্শ বিনা”

—র প্রতি

[অধ্যাপক শ্রীশ্যামাপদ চক্রবর্তী, এম্-এ বিজ্ঞান, সাক্ষ্যভূষণ ।]
বন্ধু, আমারে বোহেমী বানালে, সাঁচ্চা রহিলে নিজে,
মধুরা'তে এলে কুটিরে আমার আষাঢ়ের জলে ভিজে !
সুরভিবাব্রীমুকুটিত মাথা, স্বপন-রঙীন্ অঁখি,
উপ-নয়নের স্বচ্ছ আড়ালে তুলে পড়ে থাকি থাকি,
ক্লীন্-শেভ্ মুখে কচিত্ত্বগম চিকণ গুম্ফ-রেখা
যেন পালিশিত ইম্পাত-বুকে বাঁকা মরকতলেখা,
কণ্ঠে মোহন রূপালী আওয়াজ, অস্কারী জামা গায়ে,
শান্তিপুরের কোঁচা-চুম্বিত গ্লেজ্-কিড্ ছুটি পায়ে,